

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৭২.২০.০০৭৩.২৪.১৭৪৭

বিষয়: ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন ১৪৮০২০১-খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় অর্থনৈতিক কোড-৩২২১১০৮-
ব্যাংক চার্জ খাতে অর্থ বরাদ্দ প্রদান।

সূত্র: জেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর-এর স্মারক নং-৬৯৯, তারিখ-০৯.১০.২০২৫খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন ১৪৮০২০১- খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় অপারেশন কোড নং-১২০০০২৬০৬ এর অন্তর্গত অর্থনৈতিক কোড নং-৩২২১১০৮-ব্যাংক চার্জ খাতে রংপুর জেলার নিম্নোক্ত উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ দ্বারা গত অর্থবছরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধ করা যেতে পারে।

ক্র: নং	অর্থনৈতিক কোড নং	খাতের নাম	উপজেলার নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
১	৩২২১১০৮	ব্যাংক চার্জ	বদরগঞ্জ	৪,৮৫,২০০ (চার লাখ পঁচাশি হাজার দুইশত) টাকা
২			পীরগঞ্জ	৩২,৫৮,১০০ (বত্রিশ লাখ আটান্ন হাজার একশত) টাকা
মোট				=৩৭,৪৩,৩০০ (সাঁইত্রিশ লাখ তেতাল্লিশ হাজার তিনশত) টাকা

উল্লেখ্য যে, কোড নং-৩২২১১০৮-ব্যাংক চার্জ খাতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তারাগঞ্জ-এর অনুকূলে ১৫.০৭.২০২৫খ্রি. তারিখের ১০৩৫ নং স্মারকে ৩১,৪৭,১০০/- (একত্রিশ লাখ সাতচল্লিশ হাজার একশত) টাকা এবং ৩১.০৮.২০২৫খ্রি. তারিখের ১৩৯৯ নং স্মারকে ১৪,৭৫,৮০০/- (চৌদ্দ লাখ পঁচাত্তর হাজার আটশত) টাকাসহ মোট =৪৬,২২,৯০০/- (ছেচল্লিশ লাখ বাইশ হাজার নয়শত) টাকা প্রদান করা হয়েছে। উক্ত দপ্তরের অনুকূলে বকেয়াসহ মোট মূল্য =৪৬,২২,৮৬১/- (ছেচল্লিশ লাখ বাইশ হাজার আটশত একষট্টি) টাকা দেখানো হয়েছে; যা বরাদ্দকৃত টাকার তুলনায় কম বিধায় বরাদ্দ প্রদান করা হলো না। পরবর্তীতে নির্ধারিত ছক অনুসরণপূর্বক যথাযথ হিসাবসহ চাহিদাপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এই বরাদ্দ ব্যবহারে নিম্নোক্ত শর্তাবলি/ নিয়মাবলি পালন করতে হবে।

(ক) এই ব্যয় ২০২৫-২৬ অর্থবছরের সংশ্লিষ্ট খাত হতে মিটানো হবে।

(খ) এই অর্থ সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণে ব্যয় করতে হবে।

পত্রটি পৃষ্ঠাংকনপূর্বক সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৪-১০-২০২৫

মোঃ শেখ আসাদুজ্জামান
সহকারী উপপরিচালক

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৭২.২০.০০৭৩.২৪.১৭৪৭/১ (৬)

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর। বরাদ্দ পত্রটির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বদরগঞ্জ/পীরগঞ্জ/তারাগঞ্জ, রংপুর।
- ৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বদরগঞ্জ/পীরগঞ্জ, রংপুর।
- ৬। অফিস কপি/, মাস্টার কপি।



১৪-১০-২০২৫

মোঃ শেখ আসাদুজ্জামান
সহকারী উপপরিচালক